

বিদেশ সচিব শ্রী বিক্রম মিশ্রীর নেপাল সফর (17-18 আগস্ট, 2025)

18 আগস্ট, 2025

নেপালের বিদেশ সচিব, শ্রী অমৃত বাহাদুর রায়ের আমন্ত্রণে ভারতের বিদেশ সচিব শ্রী বিক্রম মিশ্র 2025 সালের 17-18 আগস্ট নেপালে সরকারি সফরে যাবেন।

2. নেপালের রাষ্ট্রপতি মহামহিম শ্রী রামচন্দ্র পৌদেল, নেপালের প্রধানমন্ত্রী মহামহিম শ্রী কে.পি. শর্মা ওলি এবং পররাষ্ট্রমন্ত্রী মহামহিম ডঃ অর্জু রানা দেউবা-র সাথে বিদেশ সচিব সাক্ষাৎ করেন। তিনি ভারতীয় নেতৃত্বের তরফে অভিনন্দন জানান এবং দু'দেশের মধ্যে পারস্পরিক উপকারী দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতির বিষয়ে তাদের অবহিত করেন।

3. বিদেশ সচিব ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর তরফে পারস্পরিক সুবিধাজনক তারিখে ভারত সফরে আসার জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান।

4. দুই দেশের বিদেশ সচিব বিস্তারিত আলোচনা করেন, বিভিন্ন দ্বিপাক্ষিক উদ্যোগে করা অগ্রগতি পর্যালোচনা করেন এবং সম্ভাব্য ফলাফল সহ আরও সহযোগিতার সুযোগগুলি নিয়ে আলোচনা করেন যা প্রধানমন্ত্রী ওলির আগামী ভারত সফরের এজেন্ডার একটি অংশ হতে পারে।

5. বিদেশ সচিব এর পাশাপাশি নেপালের সেনাবাহিনীর প্রধান, জেনারেল অশোক রাজ সিগদেলের সাথে দেখা করেন এবং লাইট স্ট্রাইক ভেহিকেল (LSV), ক্রিটিকাল কেয়ার মেডিকেল ইকুইপমেন্ট এবং মিলিটারি অ্যানিমাল-সহ ডিফেন্স স্টোর এবং সরঞ্জাম নেপালি সেনাবাহিনীর হাতে তুলে দেন।

6. বিভিন্ন বৈঠকের সময়, উভয় পক্ষই ভৌতিক সংযোগ, ডিজিটাল সংযোগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা এবং শক্তি সহযোগিতা সহ বিভিন্ন ক্ষেত্রে সাম্প্রতিক বছরে সম্ভাষণজনক দৃঢ় অগ্রগতির কথা উল্লেখ করেন।

7. বিদেশ সচিব নেপালের অন্যান্য বরিষ্ঠ রাজনৈতিক নেতাদের সাথেও সাক্ষাৎ করেন।

8. নেপাল হল ভারতের 'নেবারহুড ফার্স্ট' নীতির অধীনে এক অগ্রাধিকার-যুক্ত অংশীদার।
বিদেশ সচিবের এই সফরে দুই দেশের মধ্যে নিয়মিত উচ্চ-স্তরের বিনিময়ের ধারাবাহিক
ঐতিহ্য বজায় রাখতে এবং আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও উন্নত করতে সাহায্য
করেছে।

নয়া দিল্লি

18 আগস্ট, 2025